**নয়া দিগন্ত**



খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিশেষ দোয়ার আয়োজন করা হয় ■ নয়া দিগন্ত

## খালেদা জিয়ার রোগমুক্তির জন্য ঢাবিতে বিশেষ দোয়া

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসনের উদ্যোগে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার আশু রোগমুক্তির জন্য গতকাল রোববার বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মসজিদে একটি বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন ঢাবি ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দীন আহমেদসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা।

ড. নিয়াজ আহমদ খান বলেন, আমরা সবাই অবগত যে শ্রদ্ধেয় বেগম খালেদা জিয়া বর্তমানে গুরুতর শারীরিক অসুস্থতায় ভুগছেন।

**সময়ের আলো**

## খালেদা জিয়ার রোগমুক্তি চেয়ে ঢাবি ও জবিতে দোয়া মাহফিল

● ঢাবি ও জবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসনের উদ্যোগে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার আশু রোগমুক্তির জন্য একটি বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। রোববার জোহরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মসজিদে এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ ছাড়া জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করে দোয়া মাহফিল করেছে জবি শিক্ষক সমিতি (জবিশিস)। গতকাল জোহরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে এ আয়োজন করা হয়। একই দিনে খালেদা জিয়ার আশু সুস্থতা ও রোগমুক্তি কামনা করে বিশেষ খতমে কুরআন ও দোয়া মাহফিলের আয়োজন করে ঢাবি ছাত্রদল।

ঢাবি প্রশাসন আয়োজিত দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দীন আহমেদসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা।

দোয়া মাহফিলে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, আমরা সবাই অবগত যে খালেদা জিয়া বর্তমানে গুরুতর শারীরিক অসুস্থতায় ভুগছেন। তার এ অবস্থায় আমরা গভীরভাবে উদ্বিগ্ন। সমাজ ও দেশের প্রতি তার গুরুত্বপূর্ণ অবদান রয়েছে, এটি দল-মত নির্বিশেষে সবাই স্বীকার করেন। এমনকি আমরা যারা সরাসরি রাজনীতির সঙ্গে যুক্ত নই তারাও তাকে সম্মান করে। আজকের এ দোয়া মাহফিলে বিপুল মানুষের উপস্থিতি তার প্রতি মানুষের ভালোবাসারই প্রতিফলন।

উপাচার্য আরও বলেন, আমাদের প্রিয়নবী হজরত মুহাম্মদ (সা.) অসুস্থ মানুষের খোঁজখবর নেওয়া, তাদের জন্য দোয়া করা এবং তাদের মনোবল বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। আমরা আজ সেই মহান উদ্দেশ্যেই একত্রিত হয়েছি। তিনি বলেন, আমরা আন্তরিকভাবে দোয়া করি খালেদা জিয়া দ্রুত সম্পূর্ণ সুস্থ হয়ে উঠুক এবং জনগণের কল্যাণে তার ভূমিকা পালনে পুনরায় সক্ষম হন। আল্লাহ তায়ালা তাকে সুস্থতা, শক্তি ও ধৈর্য দান করুন। দোয়া মাহফিল শেষে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধি ও সব অসুস্থ মানুষের সুস্থতা কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

**The New Age**



Dhaka University vice-chancellor Professor Niaz Ahmed Khan, among others, attends the special prayers for the recovery of former prime minister and chairperson of the Bangladesh Nationalist Party Khaleda Zia at the DU Nabab Nawab Ali Chowdhury Senate Bhaban mosque on Sunday.
— Press release

## নয়া দিগন্ত



# ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রশিক্ষণ কর্মশালার সনদপত্র বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইন্টারন্যাশনাল সেন্টার ফর ওশান গভর্ন্যান্স এবং চীনের ফার্স্ট ইনস্টিটিউট অব ওশোনোগ্রাফির মেরিন সায়েন্স অ্যান্ড মডেলিং ল্যাবরেটরির যৌথ উদ্যোগে 'GNSS Buoy and Surface Wave Measurement' শীর্ষক তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির সনদপত্র বিতরণী অনুষ্ঠান রোববার ভূতত্ত্ব বিভাগের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। ঢাবি ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন। ইন্টারন্যাশনাল সেন্টার ফর ওশান গভর্ন্যান্সের ভারপ্রাপ্ত পরিচালক ড. কে এম আজম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর, প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ ও সমুদ্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. আবু হেনা মুহাম্মদ ইউছুফ বক্তব্য রাখেন। চীনের বিশেষজ্ঞ প্রশিক্ষক ড. শুমিন জিয়াং এবং ড. ইয়াবিন ওয়াং প্রশিক্ষণ সেশন পরিচালনা করেন। প্রশিক্ষণ কর্মসূচিতে পায়রা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ নৌবাহিনী, বুয়েট, বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট, বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক, গবেষক, শিক্ষার্থী ও কর্মকর্তারা অংশগ্রহণ করেন। বিজ্ঞপ্তি।

## প্রতিদিনের বাংলাদেশ




অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

# প্রশিক্ষণ কর্মশালার সনদ বিতরণ

ঢাবি

প্রবা প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ইন্টারন্যাশনাল সেন্টার ফর ওশান গভর্ন্যান্স এবং চীনের ফার্স্ট ইনস্টিটিউট অব ওশোনোগ্রাফির মেরিন সায়েন্স অ্যান্ড মডেলিং ল্যাবরেটরির যৌথ উদ্যোগে 'GNSS Buoy and Surface Wave Measurement' শীর্ষক তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির সনদপত্র বিতরণী অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার ভূতত্ত্ব বিভাগের অডিটোরিয়ামে অনুষ্ঠানের প্রধান অতিথি ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরন করেন।

অধ্যাপক নিয়াজ আহমদ খান এই প্রশিক্ষণ কর্মসূচি বাংলাদেশ ও চীনের মধ্যকার সামুদ্রিক গবেষণার সেতুবন্ধনকে আরও সুদৃঢ় করবে বলে আশা প্রকাশ করেন।

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ওশান গভর্ন্যান্সের ভারপ্রাপ্ত পরিচালক ড. কেএম আজম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম, প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ ও সমুদ্র বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. আবু হেনা মুহাম্মদ ইউছুফ বক্তব্য দেন। প্রশিক্ষণ সেশন পরিচালনা করেন চীনের বিশেষজ্ঞ প্রশিক্ষক ড. শুমিন জিয়াং এবং ড. ইয়াবিন ওয়াং।

প্রশিক্ষণ কর্মসূচিতে পায়রা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ নৌবাহিনী, বুয়েট, বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট, বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষক, গবেষক, শিক্ষার্থী ও কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

## The New Age




Several Dhaka University unions, including the Dhaka Bishwabidyalay Karmachari Samiti, form a human chain, demanding the announcement and implementation of ninth pay-scale for them, at the Smiriti Chirantan Chatwar on the campus on Sunday.

— New Age photo

## দেশ রুপান্তর




নবম পে-স্কেলের দাবিতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারীরা মানববন্ধন করেন

দেশ রূপান্তর

## সময়ের আলো

### নবম পে-স্কেল বাস্তবায়নের দাবিতে ঢাবিতে মানববন্ধন

● ঢাবি প্রতিনিধি

নবম জাতীয় পে-স্কেল বাস্তবায়নের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন করেছেন কর্মকর্তা-কর্মচারীরা। রোববার বেলা ১১টার দিকে ভিসি চত্বরে এ কর্মসূচি পালন করে কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি ও চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন। এ কর্মসূচিতে মানববন্ধনকারীরা জানুয়ারির মধ্যে নবম পে-স্কেল ঘোষণা ও বাস্তবায়নের দাবি জানিয়ে স্লোগান দেন। কর্মচারী নেতা এম এ মোতালেব বলেন, নবম পে-স্কেল বাস্তবায়নের দাবি শুধু আমাদের নয়, এটি ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাষ্ট্রের সব কর্মকর্তা-কর্মচারীর অধিকার। এ কারণে আমরা একাত্মতা প্রকাশ করছি। তিনি আরও বলেন, গত ১০ বছরে দুটি পে-স্কেল পাওয়ার কথা ছিল, কিন্তু আমরা একটিও পাইনি। আমাদের এই দাবি কোনো আর্থিক সুবিধার জন্য নয়, এটি মানবতার দাবি। যেহেতু অন্তর্বর্তী সরকার পে-স্কেল কমিশন গঠন করেছে, তাই বর্তমান সরকারকেই এটি বাস্তবায়ন করতে হবে।